গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
প্রশাসন-২ (সমন্বয়)
www.ird.gov.bd

**স্মারক নম্বর:** ০৮.০০.০০০০.০০০.০২৩.০৪.০০০২.২০.১৭৪

তারিখ: ২৫ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
০৮ মে ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: স্মার্ট কেস ম্যানেজমেন্ট সিস্টেমে ডাটা/তথ্য এন্ট্রি ও যাচাই কার্যক্রমের জন্য সম্মানী/সেবামূল্য প্রদান।**
সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগ এর স্মারক নং-০৪.০০.০০০০.০০০.১১১.৯৬.০০৯৩.১৯.৭৩, তারিখ:২৪ এপ্রিল ২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো হচ্ছে যে, স্মার্ট কেস ম্যানেজমেন্ট সিস্টেমে মামলার তথ্য এন্ট্রি ও যাচাই কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সম্মানী/সেবামূল্য প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক) বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগ এবং প্রশাসনিক ট্রাইব্যুনাল ও প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালের সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মামলাসমূহের তথ্য এন্ট্রির জন্য এ সম্মানী প্রযোজ্য হবে;


খ) মামলার বিষয়বস্তুর সাথে সরাসরি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থা তথ্য এন্ট্রি করবে;

গ) পক্ষভূক্ত হওয়া সত্ত্বেও বিষয়বস্তুর সাথে সংশ্লিষ্টতা নেই এরুপ মামলার তথ্য এন্ট্রি করার জন্য এ সম্মানী প্রদান করা যাবে না;

ঘ) যে সকল মামলার কোনো কার্যক্রম (আপীল, রিভিউ, রিভিশন) বর্তমানে চলমান নেই অর্থাৎ চূড়ান্তভাবে নিষ্পত্তি হয়েছে এরুপ মামলা সিস্টেমে এন্ট্রি করা যাবে না; এবং

ঙ) মামলার সাধারণ তথ্য এবং প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য ফিল্ডগুলো যথাযথভাবে সংশ্লিষ্ট অ্যাডমিন সহকারী কর্তৃক এন্ট্রি করা হয়েছে এটি অ্যাডমিন কর্মকর্তার মাধ্যমে নিশ্চিত হয়ে সম্মানী/সেবামূল্য প্রদান করতে হবে।

সংযুক্তি: বর্ণনামতে।



০৮-০৫-২০২৫
মোঃ সামীম আহসান
সিনিয়র সহকারী সচিব
+৮৮০২৫৫১০০২০৮
shameem.ahsan@ird.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, জাতীয় সঞ্চয় অধিদপ্তর।
২। সদস্য, বোর্ড প্রশাসন, জাতীয় রাজস্ব বোর্ড।
৩। প্রেসিডেন্ট, ট্যাকসেস আপীলাত ট্রাইবুনাল, ট্যাকসেস আপীলাত ট্রাইবুনাল।
৪। প্রেসিডেন্ট (অতিরিক্ত দায়িত্ব), প্রেসিডেন্ট, আপিলাত ট্রাইব্যুনালএর দপ্তর, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিলাত ট্রাইব্যুনাল, ঢাকা।

৫। কর কমিশনার/মহাপরিচালক (সকল).................., .......................।
৬। কমিশনার/মহাপরিচালক (কাস্টমস) (সকল).............., ...............।
৭। সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-১ (সংস্থাপন), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।

**স্মারক নম্বর:** ০৮.০০.০০০০.০০০.০২৩.০৪.০০০২.২০.১৭৪/১ (২)

তারিখ: ২৫ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
০৮ মে ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।
২। ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।



০৮-০৫-২০২৫
মোঃ সামীম আহসান
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
আইন-১ শাখা
www.cabinet.gov.bd

**স্মারক নম্বর:** ০৪.০০.০০০০.০০০.১১১.৯৬.০০৯৩.১৯.৭৩

তারিখ: ১১ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
২৪ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: স্মার্ট কেস ম্যানেজমেন্ট সিস্টেমে ডাটা/তথ্য এন্ট্রি ও যাচাই কার্যক্রমের জন্য সম্মানী/সেবামূল্য প্রদান।**

সূত্র: অর্থ বিভাগের স্মারক নম্বর: ০৭.০০.০০০০.১৭২.৩২.০২০.২১.১১০; তারিখ: ২৮ মে ২০২৪

উচ্চ আদালতে চলমান সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মামলার সুষ্ঠু ব্যবস্থাপনা, তথ্য সংরক্ষণ ও এতদ্‌সংক্রান্ত কার্যক্রম অটোমেশনের লক্ষ্যে অনলাইনভিত্তিক স্মার্ট কেস ম্যানেজমেন্ট সিস্টেমে (scms.gov.bd) তথ্য এন্ট্রি ও যাচাই কার্যক্রমের জন্য যথাক্রমে ২৫ (পঁচিশ) টাকা ও ১৫ (পনেরো) টাকা হারে সম্মানী/সেবামূল্য বাবদ প্রয়োজনীয় অর্থ সংশ্লিষ্ট অফিসের আইন সংক্রান্ত ব্যয় (১০৪০১০১১০০১১৯-৩২১১১১০) খাত থেকে নির্বাহ করতে অর্থ বিভাগ সম্মতি জ্ঞাপন করেছে।

২। এমতাবস্থায়, স্মার্ট কেস ম্যানেজমেন্ট সিস্টেমে মামলার তথ্য এন্ট্রি এবং যাচাই কার্যক্রম সম্পন্ন করার জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সম্মানী/সেবামূল্য প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক) বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগ এবং প্রশাসনিক ট্রাইব্যুনাল ও প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালের সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মামলাসমূহের তথ্য এন্ট্রির জন্য এ সম্মানী প্রযোজ্য হবে;

খ) মামলার বিষয়বস্তুর সাথে সরাসরি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থা তথ্য এন্ট্রি করবে;

গ) পক্ষভুক্ত হওয়া সত্ত্বেও বিষয়বস্তুর সাথে সংশ্লিষ্টতা নেই এরূপ মামলার তথ্য এন্ট্রি করার জন্য এ সম্মানী প্রদান করা যাবে না;


ঘ) যে সকল মামলার কোনো কার্যক্রম (আপীল, রিভিউ, রিভিশন) বর্তমানে চলমান নেই অর্থাৎ চূড়ান্তভাবে নিষ্পত্তি হয়েছে এরূপ মামলা সিস্টেমে এন্ট্রি করা যাবে না; এবং

ঙ) মামলার সাধারণ তথ্য এবং প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য ফিল্ডগুলো যথাযথভাবে সংশ্লিষ্ট অ্যাডমিন সহকারী কর্তৃক এন্ট্রি করা হয়েছে এটি অ্যাডমিন কর্মকর্তার মাধ্যমে নিশ্চিত হয়ে সম্মানী/সেবামূল্য প্রদান করতে হবে।

সংযুক্তি: অর্থ বিভাগের সম্মতিপত্র।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) মামলার তথ্য এন্ট্রিতে সম্মানী প্রদানে অর্থ বিভাগের সম্মতিপত্র



২৪-০৪-২০২৫
জাকির হোসেন
সিনিয়র সহকারী সচিব
০২২২৩৩৫৪৫৩৯ (ফোন)
৯৫৭৩৫৩৩ (ফ্যাক্স)
law_sec1@cabinet.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব/সচিব (সকল), মন্ত্রণালয়/বিভাগ।

২। বিভাগীয় কমিশনার (সকল)।

৩। জেলা প্রশাসক (সকল)।

**স্মারক নম্বর:** ০৪.০০.০০০০.০০০.১১১.৯৬.০০৯৩.১৯.৭৩/১(৮)

তারিখ: ১১ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
২৪ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি:

১। সচিব, অর্থ বিভাগ।

২। অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ।

৩। অতিরিক্ত সচিব, আইন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ।


৪। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ।

৫। সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা ও বাজেট শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।

৬। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, (সকল মন্ত্রণালয়/বিভাগ)।

৭। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস/ ডিস্ট্রিক্ট একাউন্টস অন্ড ফিন্যান্স অফিসার (বিভাগীয় কমিশনারের কার্যালয়/জেলা প্রশাসকের কার্যালয়), (সকল)।

৮। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।



২৪-০৪-২০২৫
জাকির হোসেন
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি-২ শাখা
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭২.৩২.০২০.২১-১১০ তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪৩১ / ২৮ মে ২০২৪

**বিষয়: উচ্চ আদালতে চলমান সরকারি স্বার্থসংশ্লিষ্ট মামলার ডাটাবেজ নির্মাণ ও কার্যক্রম অটোমেশনের লক্ষ্যে নির্মিত 'স্মার্ট কেস ম্যানেজমেন্ট সিস্টেম' এ ডাটা এন্ট্রি ও যাচাই কার্যক্রমের জন্য সম্মানী/সেবা মূল্য নির্ধারণ।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৪.০০.০০০০.১১১.০৪.১৭৪.২৩.১২০ তারিখ-০৭/০৫/২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে 'স্মার্ট কেস ম্যানেজমেন্ট সিস্টেম' এ সরকারি স্বার্থসংশ্লিষ্ট মামলার তথ্য সংক্রান্ত ডাটা এন্ট্রি ও যাচাই কার্যক্রমের জন্য যথাক্রমে ২৫ (পঁচিশ) টাকা ও ১৫ (পনের) টাকা হারে সম্মানী/সেবামূল্য নির্ধারণে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো।

০২। উল্লেখ্য, ডাটা এন্ট্রির লক্ষ্যে প্রস্তাবিত সম্মানী/সেবামূল্য বাবদ প্রয়োজনীয় অর্থ সংশ্লিষ্ট অফিসের আইন সংক্রান্ত ব্যয় (১০৪০১০১১০০১১৯-৩২১১১১০) খাত থেকে নির্বাহ করতে হবে।

(নাহিদ সুলতানা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ০২২২৩৩৮১১৩১

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।